গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ “পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলায় ভূবনেশ্বর নদী পুন:খনন এবং পোনা নদী ও ভূবনেশ্বর নদীর ভাঙ্গন হতে বিভিন্ন স্থাপনা/ সম্পদ রক্ষা” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১১-০২-২০২১।
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম সভায় জানান, প্রকল্পের উদ্দেশ্য পিরোজপুর জেলাধীন ভান্ডারিয়া উপজেলার পোনা নদী ও ভূবনেশ্বর নদীর সংযোগ হতে মজিদা বেগম মহিলা কলেজ পর্যন্ত ভূবনেশ্বর নদীর উভয় প্রান্তে ৩.০০ কি: মি: প্রতিরক্ষা কাজ এবং ভূবনেশ্বর নদীর ১৩.৩০ কি: মি: পুন:খনন এর মাধ্যমে নদীর পানি ধারণ ক্ষমতা ও নাব্যতা বৃদ্ধি করা। ৩৩৫৮.৮০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত এ প্রকল্পটি চলতি ২০২০-২০২১ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচনা	সিদ্ধান্ত
সভায় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো প্রকল্পের অগ্রগতি ও সমস্যাদি তুলে ধরেন। তিনি জানান, প্রকল্পের বাস্তব অগ্রগতি ৪৯.৫০% ও আর্থিক অগ্রগতি ১২৪৪.৬৩ লক্ষ টাকা। প্রকল্পের প্রধান দুটি অঙ্গ রয়েছে, যথা : ৩.০০ কি: মি: নদী তীর সংরক্ষণ কাজ এবং ১৩.৩০ কি: মি: নদী পুন:খনন কাজ। নদী তীর সংরক্ষণ কাজ ৪ টি প্যাকেজে এবং নদী পুন:খনন কাজ ৩ টি প্যাকেজ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য নির্ধারিত রয়েছে। নদী তীর সংরক্ষণ এর ৪ টি প্যাকেজ এবং নদী পুন:খনন এর ৩ টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। নদী তীর সংরক্ষণ কাজের বাস্তব অগ্রগতি ৪৭.০০% এবং নদী পুন:খনন কাজের ৩ টি প্যাকেজের বাস্তব অগ্রগতি ৫৬.৭৬%। নদী পুন:খনন কাজের ৩ টি প্যাকেজের চুক্তিমূল্য অনুযায়ী সাশ্রয়কৃত অর্থের পরিমান ১৪৪.৯৯ লক্ষ টাকা। নদীতীর সংরক্ষণ কাজের ৪ টি প্যাকেজের চুক্তিমূল্য অনুযায়ী ডিপিপি ব্যয় বৃদ্ধির পরিমান ১৮২.৭৫ লক্ষ টাকা। এছাড়া রাজস্ব খাতে (জ্বালানী এবং জরিপ) ২.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে। সামগ্রিকভাবে ডিপিপি ব্যয় বৃদ্ধি পেয়েছে ৩৯.৭৬ লক্ষ টাকা যা অনুমোদিত ডিপিপি ব্যয় এর ১.১৮% বেশি। উক্ত ব্যয় বৃদ্ধি ও আন্তখাত সমন্বয়-এর বিষয়ে মন্ত্রণালয় ক্ষমতাবান। ইতোমধ্যে সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে বোর্ডে প্রেরণ করা হয়েছে।	(ক) প্রকল্পের ব্যয়বৃদ্ধি অন্তর্ভুক্ত করে আন্ত:খাত সমন্বয়ের সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং সংশোধিত ডিপিপি অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো/সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ পরিকল্পনা উইং, পাসম। (খ) যথাযথ মান বজায় রেখে জুন, ২০২১ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো/সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। (গ) প্রকল্প সমাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে Project Completion Report (PCR) দাখিল করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩০.১৮-৯৯

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) যুগ্ম-সচিব (প্রশাসন), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১৫) উপ-সচিব (পরিকল্পনা-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলায় ভূবনেশ্বর নদী পুন:খনন এবং পোনা নদী ও ভূবনেশ্বর নদীর ভাঙন হতে বিভিন্ন স্থাপনা/সম্পদ রক্ষা” শীর্ষক প্রকল্প, পিরোজপুর পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর।
১৯) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব